



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৩/০৭/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপন

বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সবুজায়নের লক্ষ্যে শুরু হয়েছে বৃক্ষরোপন কর্মসূচি। অদ্য ২৩ জুলাই সকাল ১১ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান আম এবং কাঠালের চারা রোপনের মাধ্যমে এ কর্মসূচি উদ্বোধন করেন। বৃক্ষরোপন কমিটির আহবায়ক উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও প্রক্টর ড. সুব্রত কুমার দাসের তত্ত্বাবধায়নে সম্পন্ন কর্মসূচিতে বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, ছাত্র উপদেষ্টা, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ৫০টি আম ও ৫০ টি কাঠালের চারা রোপন করা হয়। উল্লেখ্য চলতি বছরেই আরও দুদফায় ক্যাম্পাসে বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা রোপন করা হয়েছে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস